অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/3/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ইউনাইটেড ইউনিভার্সিটি প্রফেশনস-এর সাথে পাঁচ বছর মেয়াদী শ্রম চুক্তি ঘোষণা করেছেন

দেশের বৃহত্তম উচ্চশিক্ষা ইউনিয়ন UUP-এর সাথে এই চুক্তিটি SUNY সিস্টেমের প্রায় 42,000 অনুষদ এবং পেশাদার কর্মীদের অন্তর্ভুক্ত করে

এই চুক্তিতে বার্ষিক বেতন বৃদ্ধি, অবস্থানগত ভাতা বৃদ্ধি এবং স্বাস্থ্য সুবিধার আধুনিকীকরণ অন্তর্ভুক্ত রয়েছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে তার প্রশাসন ইউনাইটেড ইউনিভার্সিটি প্রফেশনস (United University Professions, UUP)-এর সাথে 1 জুলাই, 2031 সাল পর্যন্ত একটি পাঁচ বছর মেয়াদী চুক্তি সম্পন্ন করেছে। এই চুক্তিটি ইউনিয়ন সদস্যদের দ্বারা অনুমোদনের সাপেক্ষে কার্যকর হবে, যার মধ্যে দ্য স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York , SUNY) সিস্টেমের প্রায় 42,000 অনুষদ এবং পেশাদার কর্মী অন্তর্ভুক্ত রয়েছেন।

"ইউনাইটেড ইউনিভার্সিটি প্রফেশনস-এর সাথে এই চুক্তিটি SUNY-এর কঠোর পরিশ্রমী অনুষদ ও পেশাদারদের এবং নিউ ইয়র্ক স্টেট-এর করদাতা—উভয় পক্ষের জন্যই মঙ্গলজনক," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমি এই ন্যায্য চুক্তির লক্ষ্যে কাজ করার জন্য UUP-এর নেতৃত্বকে ধন্যবাদ জানাই এবং নিউ ইয়র্কের কলেজ শিক্ষার্থীদের প্রতি তাদের মেধা ও নিষ্ঠার জন্য ইউনিয়ন সদস্যদের ধন্যবাদ জানাই, যা SUNY-তে শিক্ষা গ্রহণকারীদের একটি উজ্জ্বল ভবিষ্যৎ নিশ্চিত করবে।"

ইউনাইটেড ইউনিভার্সিটি প্রফেশনস-এর প্রেসিডেন্ট Frederick E. Kowal (ফ্রেডরিক ই. কোওয়াল) বলেন, "এটি UUP-এর জন্য একটি ন্যায্য চুক্তি যা আমাদের শিক্ষার্থী, রোগী এবং SUNY-এর জন্য UUP সদস্যরা প্রতিদিন যে কঠোর পরিশ্রম করেন তার স্বীকৃতি দেয়। এটি ন্যায্য মজুরি এবং সুবিধা প্রদান করে যা আমাদের বিশ্বমানের অনুষদ, গবেষক এবং স্বাস্থ্যসেবা ও ক্যাম্পাস পেশাদারদের ধরে রাখতে এবং SUNY-তে সেরা ও উজ্জ্বলতমদের আকৃষ্ট করতে সাহায্য করবে। এই চুক্তিটি আমাদের সদস্যদের অনেকগুলো অগ্রাধিকারকে মূল্যায়ন করে, যা তারা এক বছরেরও বেশি সময় আগে আমাদের আলোচনা শুরুর প্রস্তুতি নেওয়ার সময় জানিয়েছিল। আমরা UUP সদস্যরা যে কাজ করে তার প্রতি গভর্নর Hochul (হোকল)-এর অব্যাহত সমর্থনের জন্য এবং এই স্টেটের প্রয়োজনীয় একজন শক্তিশালী ইউনিয়ন-পন্থী গভর্নর হওয়ার জন্য তাকে ধন্যবাদ জানাই।"

SUNY-এর চ্যান্সেলর John B. King Jr. (জন বি. কিং জুনিয়র) বলেন, "সাশ্রয়ী মূল্যে শ্রেষ্ঠত্ব প্রদান এবং নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের চালিকাশক্তি হিসেবে কাজ করার ক্ষেত্রে SUNY-এর অসাধারণ অনুষদ ও কর্মীরাই আমাদের মূল শক্তি। নিউ ইয়র্কবাসী একটি বিশ্বমানের শিক্ষা, যুগান্তকারী গবেষণা ও স্কলারশিপ, চিকিৎসা সহায়তা ও দক্ষতা এবং অন্যান্য অপরিহার্য প্রয়োজন ও পরিষেবার জন্য SUNY-এর ওপর নির্ভর করে। আমি গভর্নর Hochul (হোকল)-কে এমন একটি ন্যায্য চুক্তি সম্পন্ন করার জন্য সাধুবাদ জানাই, যা সেই অনুষদ ও কর্মীদের সম্মান ও স্বীকৃতি দেয় যারা SUNY-কে আমাদের শিক্ষার্থীদের জন্য একটি অনন্য জায়গা করে তুলেছেন।"

এই চুক্তিতে চুক্তি চলাকালীন পুরো সময় জুড়ে কর্মীদের মৌলিক বার্ষিক বেতনে বার্ষিক বৃদ্ধির বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। চুক্তিতে ক্ষতিপূরণের অন্যান্য বৃদ্ধি যেমন অবস্থানগত ভাতা অন্তর্ভুক্ত রয়েছে এবং প্রসবপূর্ব যত্নের জন্য অতিরিক্ত ছুটির ব্যবস্থা করা হয়েছে। স্বাস্থ্য বীমাতে কিছু সাধারণ ও যৌক্তিক পরিবর্তন আনা হয়েছে যা প্রিমিয়াম নিয়ন্ত্রণ করতে, কো-পে দূর করতে এবং নেটওয়ার্কের বাইরের স্বাস্থ্যসেবা প্রদানকারীদের ব্যবহার কমাতে সাহায্য করবে।

এই চুক্তিটি অবশ্যই UUP-এর সাধারণ সদস্যদের ভোটে অনুমোদিত হতে হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন